



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-১০৭/২৫৬

তারিখ: ০২ মাঘ ১৪২৯  
১৬ জানুয়ারি ২০২৩

বিষয় : নির্বাহী কমিটি অনুমোদনের আবেদন বাতিল ও প্রতিষ্ঠাতা বিষয়ে স্পষ্টীকরণ প্রসঙ্গে

- সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর ই-ফাইলে অভিযোগ আইডি নং-২৩৩২০১০১৮৫৫১;  
২। বামাশিবো/প্রশা/২৪/ঝালকাঠি-১০৭ তারিখ: ১১.০৮.২০২১ ইং;  
৩। বামাশিবো/রিক/নলছিটি-ঝালকাঠি-৯১/৩৮৭০ তারিখ: ২৪.০৮.২০২২ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ঝালকাঠি জেলার নলছিটি উপজেলাধীন ডেবরা মোহাম্মদিয়া আলিম(অনুমতিপ্রাপ্ত) মাদ্রাসার নির্বাহী কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে মো: শাহজাহান হাওলাদার কর্তৃক সূত্রোক্ত ১নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগের প্রেক্ষিতে নির্বাহী কমিটিতে জেলা প্রশাসক কর্তৃক মনোনীত দুই (০২) জন সদস্যের বিবরণসহ মাদ্রাসাটি প্রতিষ্ঠাকালীন দলিল, রেজুলেশন ও যাবতীয় প্রমাণক জমা দেওয়ার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়।

মাদ্রাসার অধ্যক্ষ অবসরে যাওয়ায় উক্ত পত্রের আলোকে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক অভিযোগ বিষয়ে কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিল করা হয়েছে। লিখিত বক্তব্যে উল্লেখ করা হয়েছে সাবেক অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত নির্বাহী কমিটিতে জেলা প্রশাসক থেকে মনোনীত দুই জন সদস্যের ১ জন তার ছেলে অন্যজন তার বেয়াই এর ছেলে। ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক লিখিত বক্তব্যে আরো উল্লেখ করা হয়েছে প্রতিষ্ঠানে দাতা সদস্য হিসাবে ১. আ: আজিজ হাওলাদার ২. আইজ উদ্দীন আহামদ ৩. রসন আরা আ: আজিজ এর নাম পাওয়া গেছে কিন্তু প্রতিষ্ঠাতা বিষয়ে কোন কাগজপত্র পাওয়া যায়নি। একই সময়ে সাবেক অধ্যক্ষ জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসাইন কর্তৃক নিজে থেকে উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা দাবিকরে লিখিত বক্তব্য সহ ৩৩ শতাংশ জমি দানের দলিল দাখিল করা হয়েছে। পক্ষান্তরে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এ রক্ষিত সংশ্লিষ্ট মাদ্রাসার নথি যাচায়াস্তে দেখা যায় ০১.০১.১৯৮৪ ইং তারিখে অনুমোদিত অর্গানাইজিং কমিটিতে প্রতিষ্ঠাতা হিসাবে জনাব মো: জাহাঙ্গীর হোসাইন এর নাম রয়েছে এবং ১৯৯২ সাল থেকে ২০১৬ পর্যন্ত কমিটিতে ভোটার তালিকায় একমাত্র প্রতিষ্ঠাতা ভোটার ও প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে জনাব মো: জাহাঙ্গীর হোসাইন, পিতা-নেহাল উদ্দিন হাও: এর নাম রয়েছে। অপরদিকে, মাদ্রাসা প্রধানের ১২.১০.২০২২ইং তারিখের আবেদনে দেখা যায় সূত্রোক্ত ৩নং স্মারক পত্রে উক্ত মাদ্রাসার আলিম অনুমতি প্রত্যাহার করা হয়েছে।

এমতাবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ২(জ) অনুযায়ী মোহাম্মদ জাহাঙ্গীর হোসাইন, পিতা-মো: নেহাল উদ্দিন উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা মর্মে প্রতীয়মান হয় এবং দাখিলকৃত নির্বাহী কমিটি গঠন বিধি সম্মত হয়নি; আলিম অনুমতি প্রত্যাহার হওয়ায় ম্যানেজিং কমিটি গঠনের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ পূর্বক এডহক কমিটি গঠন ও অনুমোদনের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৬.০১.২০২৩

মো: সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

  
২৬.১.২৩

সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
ডেবরা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা,  
পো: নাচনমহল, নলছিটি, ঝালকাঠি।

নং-বামাশিবো/প্রশা/ঝালকাঠি-১০৭/২৫৬

তারিখ: ০২ মাঘ ১৪২৯  
১৬ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ঝালকাঠি;
২. জেলা শিক্ষা অফিসার, ঝালকাঠি;
৩. উপজেলা নির্বাহী অফিসার, নলছিটি, ঝালকাঠি;
৪. জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসাইন, প্রতিষ্ঠাতা, ডেবরা মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, পো: নাচনমহল, নলছিটি, ঝালকাঠি;
৫. জনাব মো: শাহজাহান হাওলাদার(অভিযোগকারী), পো: নাচনমহল, নলছিটি, ঝালকাঠি;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

  
২৬/১/২৩

মো: ওমর ফারুক  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd